৭৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 DE ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩ ......

## নতুন বেসরকারী কলেজে জীববিজ্ঞান পুনঃ চালু করা হোক

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সার্বজনীন জনকল্যাণমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের আলোকে নতুন শিক্ষানীতি গ্রহণের জন্য কমিটি গঠন করেছেন। এই জন্য ধন্যবাদ। কিন্তু দুঃখের বিষয় হঠাৎ করে শিক্ষা মন্ত্রণালয় আত্মঘাতী সিদ্ধান্ত নিয়ে গ্রাম বাংলার বেসরকারী কলেজগুলিতে বিজ্ঞান বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় জীববিজ্ঞান বন্ধ করে দেয়ায় বাংলাদেশের গ্রাম পর্যায়ে অবহেলিত বঞ্চিত সম্ভাবনাময় অনেক মেধাবী ছাত্র/ছাত্রী বিশেষ করে ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। কেননা ছাত্রীদের পক্ষে জেলা শহরের সরকারী কলেজে যাতায়াত করে উচ্চ শিক্ষা গ্রহণ করা কিছুতে সম্ভবপর হয় না। উল্লেখ্য যে, জীববিজ্ঞান বন্ধ হওয়ার ফলে গ্রাম বাংলার সম্ভাবনাময় ছাত্র/ছাত্রী বিশেষ করে চিকিৎসা শাস্ত্র, উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা প্রভৃতি বিষয়ে উচ্চ শিক্ষার পথ সম্পূর্ণ বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। বাংলাদেশে শতকরা ৮০ ভাগ জনগোষ্ঠী গ্রামে বাস করে। উক্ত বিষয়ে মাননীয়া প্রধানমন্ত্রী এ সমস্যার সমাধান করলে গ্রাম-বাংলার অবহেলিত ছাত্র/ছাত্রীরা যারা উচ্চ শিক্ষার জন্য উপরোক্ত বিষয়গুলো পড়তে ইচ্ছুক তাদের সাথে বিমাতাসুলভ আচরণ করা হবে না। সাথে সাথে সরকারের দেয়া কথা অনুযায়ী ২০০০ সালের মধ্যে সাক্ষরতার হার ৭০% উন্নীত হবে ইনশাআল্লাহ। এমতাবস্থায়, মাননীয়া প্রধানমন্ত্রীর নিকট আকুল আবেদন, গ্রাম বাংলার অবহেলিত বঞ্চিত গরীব সম্ভাবনাময় ছাত্র/ছাত্রীদের জ্ঞানের আলোকে আলোকিত করার লক্ষ্যে ১৯৯৮-৯৯ শিক্ষা বৎসরে শিক্ষা মন্ত্রণালয়ের হঠাৎ সিদ্ধান্ত অনুযায়ী নতুন বেসরকারী কলেজে বন্ধ করে দেয়া জীববিজ্ঞান বিষয় পুনরায় চালু করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশ দানের জন্য তাঁকে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

—মোঃ আজিজুল হক ভুঁইয়া,
আহ্বায়ক, কেন্দ্রীয় অভিভাবক ফোরাম কমিটি,
৪৭, জামান চেম্বার (৪র্থ তলা, নিউ এমিকো ইন্টাঃ),
দিলখুশা, ঢাকা।